রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ
আরডিএ ভবন, বনলতা বা/এ, রাজশাহী-৬২০৩
www.rdarajshahi.gov.bd

স্মারক নং- ২৫.৪০.০০০০.০০০.০০১.১১.০১৭২.২৪.৬৬৫

তারিখ: ০৩ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
১৮ সেপ্টেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ১৬/০৬/২০২৫ খ্রি: তারিখের ২৫.০০.০০০০.০৫৩.০৪.০৩.২০০০(অংশ).১৮৪ নং স্মারকে ২৩টি শূন্যপদ পূরণের ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের নিম্নবর্ণিত শূন্যপদসমূহ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত নিম্নলিখিত শর্ত সাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অনলাইনে (http://rdarajshahi.teletalk.com.bd ওয়েবসাইটে) আবেদনপত্র আহবান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রম | পদের নাম | পদ সংখ্যা | বেতন স্কেল | বয়স | পদের প্রকৃতি | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|---|---|
| ০১ | নির্বাহী প্রকৌশলী (প্ল্যানিং এন্ড ডিজাইন) | ০১টি | ৩৫৫০০-৬৭,০১০/- (গ্রেড-৬) | ৪০ বছর | স্থায়ী | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ ইন্সটিটিউট হতে পুরকৌশলে স্নাতক ডিগ্রিসহ সরকারি/ স্বায়ত্তশাসিত সংস্থায় নির্বাহী প্রকৌশলী হিসেবে যে কোন মেয়াদে অথবা সহকারী প্রকৌশলী পদে ন্যূনতম ০৭ (সাত) বছরের চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০২ | অডিট ও বাজেট অফিসার | ০১টি | ২৯,০০০-৬৩,৪১০/- (গ্রেড-৭) | ৪০ বছর | স্থায়ী | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ফিন্যান্স বা একাউন্টিং-এ দ্বিতীয় শ্রেণির সম্মানসহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি। ১ম শ্রেণির পদে ০৪ (চার) বছরের চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০৩ | স্থপতি | ০১টি | ২২,০০০-৫৩,০৬০/- (গ্রেড-৯) | ৩২ বছর | স্থায়ী | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্থাপত্যে দ্বিতীয় শ্রেণির স্নাতক ডিগ্রি। |
| ০৪ | সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল) | ০১টি | ২২,০০০-৫৩,০৬০/- (গ্রেড-৯) | ৩২ বছর | স্থায়ী | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট হতে তড়িৎকৌশলে ন্যূনতম স্নাতক ডিগ্রি। |
| ০৫ | সহকারী অথরাইজড অফিসার | ০১টি | ২২,০০০-৫৩,০৬০/- (গ্রেড-৯) | ৩২ বছর | স্থায়ী | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ ইনস্টিটিউট হতে পুরকৌশলে স্নাতক ডিগ্রি। |
| ০৬ | এস্টেট অফিসার | ০১টি | ২২,০০০-৫৩,০৬০/- (গ্রেড-৯) | ৩২ বছর | স্থায়ী | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে দ্বিতীয় শ্রেণির সম্মানসহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। দ্বিতীয় শ্রেণির এল.এল.বি. (সম্মান) ডিগ্রিসহ দ্বিতীয় শ্রেণির এল.এল.এম (মাস্টার্স) ডিগ্রিধারী প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ০৭ | স্টাফ অফিসার টু চেয়ারম্যান | ০১টি | ২২,০০০-৫৩,০৬০/- (গ্রেড-৯) | ৩২ বছর | স্থায়ী | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে দ্বিতীয় শ্রেণির সম্মানসহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। পাবলিক এডমিনিস্ট্রেশন/হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট/ইংরেজি বিষয়ে ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ০৮ | সহকারী প্রোগ্রামার | ০১টি | ২২,০০০-৫৩,০৬০/- (গ্রেড-৯) | ৩২ বছর | স্থায়ী | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ এর তফসিল-১ এর ক্রমিক ১৪ এ বর্ণিত শর্ত অনুযায়ী কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন্য দ্বিতীয় শ্রেণি বা সমমানের ডিগ্রি। |
| ০৯ | উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) | ০২টি | ১৬,০০০-৩৮,৬৪০/- (গ্রেড-১০) | ৩২ বছর | স্থায়ী | কোন স্বীকৃত ইন্সটিটিউট হতে সংশ্লিষ্ট বিষয়ে ইঞ্জিনিয়ারিং-এ ৪(চার) বছর মেয়াদী ডিপ্লোমা থাকার শর্তে। |
| ১০ | উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) | ০১টি | ১৬,০০০-৩৮,৬৪০/- (গ্রেড-১০) | ৩২ বছর | স্থায়ী | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে যন্ত্রকৌশলে/ পাওয়ার কৌশলে ন্যূনতম দ্বিতীয় বিভাগে ৪(চার) বছরের ডিপ্লোমা ডিগ্রি থাকতে হবে। |
| ১১ | ইমারত পরিদর্শক | ০৪টি | ১৬,০০০-৩৮,৬৪০/- (গ্রেড-১০) | ৩২ বছর | স্থায়ী | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে পুরকৌশলে ন্যূনতম দ্বিতীয় বিভাগে ৪(চার) বছর মেয়াদী ডিপ্লোমা ডিগ্রি থাকতে হবে। |
| ১২ | তত্ত্বাবধায়ক/সুপার | ০১টি | ১১,৩০০-২৭,৩০০/- (গ্রেড-১২) | ৩২ বছর | স্থায়ী | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে দ্বিতীয় শ্রেণির স্নাতক ডিগ্রিসহ সংশ্লিষ্ট বিষয়ে ৫(পাঁচ) বছরের অভিজ্ঞতার শর্তে। |

চলমান পাতা-২

| ক্রম | পদের নাম | পদ সংখ্যা | বেতন স্কেল | বয়স | পদের প্রকৃতি | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|---|---|
| ১৩ | কম্পিউটার অপারেটর | ০২টি | ১১,০০০-২৬,৫৯০/- (গ্রেড-১৩) | ৩২ বছর | স্থায়ী | সরকারি প্রতিষ্ঠানের কম্পিটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ এর তফসিল-১ এর ক্রমিক ১৮ এ বর্ণিত শর্ত অনুযায়ী কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। |
| ১৪ | অডিটর | ১টি | ১০,২০০-২৪,৬৮০/- (গ্রেড-১৪) | ৩২ বছর | স্থায়ী | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে দ্বিতীয় শ্রেণির স্নাতক ডিগ্রি থাকতে হবে। |
| ১৫ | সার্ভেয়ার | ২টি | ৯,৭০০-২৩,৪৯০/- (গ্রেড-১৫) | ৩২ বছর | স্থায়ী | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে এবং কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে ২(দুই) বছর মেয়াদী সার্ভে (জরিপ) কোর্স সার্টিফিকেটধারী হতে হবে। কোন সরকারি/ আধা-সরকারি/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা কোন খ্যাতনামা বে-সরকারি প্রতিষ্ঠানে জরিপকার হিসেবে কর্মরত ও অটোক্যাড এর উপর প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ১৬ | ড্রাফটসম্যান | ১টি | ৯,৭০০-২৩,৪৯০/- (গ্রেড-১৫) | ৩২ বছর | স্থায়ী | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে ২(দুই) বছর মেয়াদী সিভিল ড্রাফটিং সার্টিফিকেটসহ কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক বা সমমানের সার্টিফিকেট এবং অটোক্যাড অভিজ্ঞতা অত্যাবশ্যকীয়। |
| ১৭ | বেঞ্চ সহকারী | ১টি | ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | ৩২ বছর | স্থায়ী | কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। উচ্চতর ডিগ্রি, কম্পিউটার কাজে পারদর্শিতা ও সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |

আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবে:

১। নির্ধারিত আবেদন ফরম অনলাইনে http://rdarajshahi.teletalk.com.bd ওয়েবসাইটে পাওয়া যাবে। আবেদন ফরমে নির্দেশনা অনুযায়ী তথ্য প্রদান করতে হবে।

২। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

৩। আগ্রহী প্রার্থীদের বয়স **০৫/১০/২০২৫ খ্রি:** তারিখে ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে। **তবে আবেদনের শেষ তারিখ পর্যন্ত সরকারি চাকরিতে প্রবেশের ক্ষেত্রে বয়সসীমা সরকার কর্তৃক পরিবর্তিত হলে তা প্রযোজ্য হবে।** সরকারি বিধি মোতাবেক প্রযোজ্য ক্ষেত্রে প্রার্থীদের বয়সসীমা শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৪। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

৫। বিভাগীয়/চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৬। বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের প্রার্থীগণ রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের নিয়োগ কমিটি কর্তৃক গৃহীত লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ না হলে নিয়োগের জন্য বিবেচিত হবেন না।

৭। **শহীদ মুক্তিযোদ্ধার সন্তান ও বীরাঙ্গনার সন্তানদের জন্য প্রযোজ্য কোটায় নিয়োগ প্রাপ্তির ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ১৮/১০/২০২০ খ্রি: তারিখের ৪৮.০০.০০০০.০০৩.২৫.০১৯.২০.৮৭৫ নং পরিপত্রের নির্দেশনা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.molwa.gov.bd) সংরক্ষিত/ প্রকাশিত নিম্নবর্ণিত যে কোন একটি প্রমানক দাখিল করতে হবে। উক্ত প্রমাণকে সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার নাম থাকতে হবে।**

(১) ভারতীয় তালিকা:

(i) মুক্তিযোদ্ধাদের ভারতীয় তালিকা; (ii) মুক্তিযোদ্ধাদের ভারতীয় তালিকা (পদ্মা); (iii) মুক্তিযোদ্ধাদের ভারতীয় তালিকা (মেঘনা); (iv)মুক্তিযোদ্ধাদের ভারতীয় তালিকা (সেক্টর); (v) মুক্তিযোদ্ধাদের ভারতীয় তালিকা (সেনা, নৌ ও বিমান বাহিনী); অথবা

(২) লাল মুক্তিবার্তা:

(i) লাল মুক্তিবার্তা (চূড়ান্ত লাল বই); (ii) লাল মুক্তিবার্তা স্মরণীয় যারা বরণীয় যারা; অথবা

(৩) গেজেট:

(i) জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল এর সিদ্ধান্ত মোতাবেক বেসামরিক গেজেট; (ii) প্রবাসে বিশ্ব জনমত গেজেট; (iii) বিসিএস ধারণাগত জ্যেষ্ঠতাপ্রাপ্ত কর্মকর্তা গেজেট; (iv) বিসিএস গেজেট; (v) স্বাধীন বাংলা বেতার শব্দ সৈনিক গেজেট; (vi) বীরাঙ্গনা গেজেট; (vii) স্বাধীন বাংলা ফুটবল দল গেজেট; (viii) ন্যাপ কমিউনিষ্ট পার্টি ছাত্র ইউনিয়ন বিশেষ গেরিলা বাহিনী গেজেট; (ix) বিশ্রামগঞ্জ হাসপাতালে নিয়োজিত বা দায়িত্ব পালনকারী মুক্তিযোদ্ধা গেজেট; (x) মুজিবনগর গেজেট; অথবা

(৪) বাহিনী গেজেট:

(i) সেনাবাহিনী গেজেট; (ii) নৌবাহিনী গেজেট; (iii) বিমানবাহিনী গেজেট; (iv) বিজিবি গেজেট; (v) পুলিশ বাহিনী গেজেট; (vi) আনসার বাহিনী গেজেট; (vii) নৌ কমান্ডো গেজেট; অথবা

(৫) শহীদ গেজেট:

(i) শহীদ বেসামরিক গেজেট; (ii) সশস্ত্র বাহিনী শহীদ গেজেট; (iii) শহীদ বিজিবি গেজেট; (iv) শহীদ পুলিশ গেজেট; অথবা

(৬) খেতাবপ্রাপ্ত:

(i) খেতাবপ্রাপ্ত গেজেট; অথবা

চলমান পাতা-৩

(৭) যুদ্ধাহত:

(i) যুদ্ধাহত গেজেট; (ii) যুদ্ধাহত পঙ্গু (বর্ডারগার্ড বাংলাদেশ) গেজেট; (iii) যুদ্ধাহত (বর্ডারগার্ড বাংলাদেশ) গেজেট; (iv) যুদ্ধাহত সেনা গেজেট

**উল্লেখ্য যে, উপর্যুক্ত প্রমাণক/গেজেটের কোন একটিতে ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে সংশ্লিষ্ট বীর মুক্তিযোদ্ধার নাম না থাকলে মুক্তিযোদ্ধা কোটায় কোন সুবিধা প্রাপ্ত হবেন না।**

৮। মুক্তিযোদ্ধা কোটায় চূড়ান্ত নির্বাচিত প্রার্থীকে দেশের প্রচলিত আইন অনুসারে ওয়ারিশপত্র দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধা জীবিত থাকলে ওয়ারিশপত্রে তার প্রতিস্বাক্ষর থাকবে এবং মুক্তিযোদ্ধা জীবিত না থাকলে ওয়ারিশপত্রে কমপক্ষে ০১(এক) জন ওয়ারিশের প্রতিস্বাক্ষর থাকতে হবে। কোন মুক্তিযোদ্ধার ওয়ারিশ অসত্য তথ্য সম্বলিত ওয়ারিশপত্র দাখিল করলে তা বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা/কার্যক্রম গ্রহণ করা হবে।

৯। ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ কোটায় নিয়োগ প্রাপ্তির ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ।

১০। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার তারিখ ও সময়সূচী রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের ওয়েবসাইটে (https://rdarajshahi.gov.bd) এবং প্রার্থীর ব্যক্তিগত মুঠোফোনে টেলিটক কর্তৃক SMS এর মাধ্যমে জানানো হবে।

১১। কম্পিউটার অপারেটর পদে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করা হবে। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ না হলে, মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।

১২। প্রার্থীর যোগ্যতা যাচাই: প্রার্থীর যোগ্যতা যাচাইয়ে প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা বিজ্ঞপ্তিতে চাওয়া ন্যূনতম শর্তের সাথে গরমিল/অসামঞ্জস্যতা পাওয়া গেলে/ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোনো প্রার্থীর প্রার্থিতা পরীক্ষা চলাকালীন অথবা পরবর্তীতে যেকোনো সময়ে প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৩। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত (ক্রমিক নং-ক থেকে ছ পর্যন্ত) কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা (নাম ও পদবী উল্লেখসহ) কর্তৃক সত্যায়িত প্রতিটির ০১টি করে ফটোকপি ও সদ্য তোলা ২ কপি রঙ্গিন ছবি দাখিল করতে হবেঃ

(ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদ)।

(খ) সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/ইউপি চেয়ারম্যান অথবা প্রযোজ্য ক্ষেত্রে প্রশাসক কর্তৃক প্রদত্ত ০১ (এক) কপি নাগরিকত্ব সনদপত্র দাখিল করতে হবে।

(গ) সরকারী, আধা-সরকারী ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে নিয়োজিত প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে আবেদন করবেন এবং মৌখিক পরীক্ষার সময় অনাপত্তিপত্র দাখিল করবেন। এক্ষেত্রে কোনো অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

(ঘ) যে কোনো কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত সনদ/প্রমাণক।

(ঙ) জাতীয় পরিচয়পত্রের মূল কপি অবশ্যই মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে। তবে যাদের জাতীয় পরিচয়পত্র এখনও হয়নি তাদেরকে সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান অথবা প্রযোজ্য ক্ষেত্রে প্রশাসক কর্তৃক প্রদত্ত অনলাইন (BDRIS সফটওয়্যার এ নিবন্ধিত) মূল জন্মনিবন্ধন সনদ মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।

(চ) অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy) ও এডমিট কার্ড (Admit Card)।

(ছ) আবেদনকারী শহীদ মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার সন্তান হলে মুক্তিযোদ্ধার সনদপত্র এবং আবেদনকারীর সাথে ধারাবাহিকতার সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর অথবা প্রযোজ্য ক্ষেত্রে প্রশাসক কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।

১৪। নিয়োগের ক্ষেত্রে সরকারি সকল বিধি-বিধান এবং কোটা সম্পর্কিত প্রচলিত নীতিমালা অনুসরণ করা হবে। নির্দিষ্ট কোটায় নিয়োগের জন্য প্রার্থী তার দাবির স্বপক্ষে সরকার নির্ধারিত সনদপত্র /প্রমাণক আবেদনপত্রের সাথে দাখিল করতে না পারলে এবং মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে না পারলে তার দাবি অগ্রাহ্য বলে গণ্য হবে এবং তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে। কোটায় নিয়োগের জন্য প্রার্থীদের সনদ/প্রমাণক গ্রহণের ক্ষেত্রে সাক্ষাৎকার বোর্ড/নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৫। পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

১৬। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন, সংযোজন, বিয়োজন, পদসংখ্যা হ্রাস/বৃদ্ধি বা নিয়োগ কার্যক্রম বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

১৭। এ নিয়োগ কার্যক্রম সমাপ্ত হওয়ার পূর্বে সরকার কর্তৃক নিয়োগ/কোটা সংক্রান্ত বিধিবিধানের কোন পরিবর্তন করা হলে এ ক্ষেত্রে পরিবর্তিত সর্বশেষ বিধিবিধান প্রযোজ্য হবে।

১৮। আবেদনপত্র গ্রহণ/বাতিল ও নিয়োগ কার্যক্রম বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোনরূপ আপত্তি উত্থাপন করা যাবে না।

১৯। কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

## <u>অনলাইনে আবেদনের নিয়মাবলী</u>

ক) পরীক্ষায় অংশ গ্রহণে ইচ্ছুক প্রার্থীকে http://rdarajshahi.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online আবেদনপত্র জমাদান শুরুর তারিখ ও সময়ঃ ০৫/১০/২০২৫ খ্রিষ্টাব্দ, সকাল ১০.০০ টা।

ii. Online আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়ঃ ০৬/১১/২০২৫ খ্রিষ্টাব্দ, বিকাল ৫.০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে USER ID প্রাপ্ত প্রার্থীগণ পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০, প্রস্থ ৩০০ Pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০, প্রস্থ ৮০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

চলমান পাতা-৪

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, এ কারণে Online এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যেকোন প্রয়োজনে সহায়ক হিসাবে সংরক্ষণ করবেন এবং ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:

Online -এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit সম্পন্ন করা হলে প্রার্থী একটি USER ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant`s Copy পাবেন। উক্ত Applicant`s Copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant`s কপিতে একটি USER ID নম্বর দেওয়া থাকবে এবং USER ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন টেলিটক প্রি-পেইড মোবাইল নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং ০১-১১ এর জন্য পরীক্ষার ফি ২০০/- (দুইশত টাকা) ও Teletalk-এর **সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য)** ২৩/- টাকাসহ মোট ২২৩/- (দুইশত তেইশ), ক্রমিক নং ১২ এর জন্য পরীক্ষার ফি ১৫০/- (একশত পঞ্চাশ টাকা) ও Teletalk-এর **সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য)** ১৮/- টাকাসহ মোট ১৬৮/- (একশত আটষট্টি) এবং ক্রমিক নং ১৩-১৭ এর জন্য পরীক্ষার ফি ১০০/- (একশত টাকা) ও Teletalk-এর **সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য)** ১২/- টাকাসহ মোট ১১২/- (একশত বারো) টাকা (অফেরৎযোগ্য) পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। **তবে, সকল গ্রেডের পদের ক্ষেত্রে অনগ্রসর শ্রেণির (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীগণ) প্রার্থীরা নিয়োগ পরীক্ষার ফি বাবদ ৫০/-(পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/-(ছয়) টাকাসহ সর্বমোট ৫৬/-(ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন।** বিশেষভাবে উল্লেখ্য,"Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"। অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্যকোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না। বিশেষভাবে উল্লেখ্য, Online -এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

**প্রথম SMS:** **RDARAJSHAHI** <space>**USER ID** লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।
Example: RDARAJSHAHI ABCDEF

Reply: Aplicant`s Name, TK 223 or 168 or 112 or 56 will be charged application fee. Your PIN is 12345678. To Pay fee Type RDARAJSHAHI <space> YES<space>PIN and Send to 16222

**দ্বিতীয় SMS:** **RDARAJSHAHI** <space>**YES**<space>**PIN** লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example: RDARAJSHAHI YES 12345678

Reply: Congratulation! Aplicant`s Name, payment completed succesfully for RDARAJSHAHI Application for(Post Name)User ID is (ABCDEF) and Password (XXXXXXX).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://rdarajshahi.teletalk.com.bd অথবা রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের ওয়েবসাইট (https://rdarajshahi.gov.bd) এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে। এ কারণে উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষনিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

(ছ) USER ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Color Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধু টেলিটক প্রিপেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ USER ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i) USER ID জানা থাকলে:
**RDARAJSHAHI** <space>**Help** <space>**USER** <space>**USER ID** & **Send to** ১৬২২২ নম্বরে
Example: RDARAJSHAHI Help USER ABCDEF

ii) PIN Number জানা থাকলে:
**RDARAJSHAHI** <space>**Help**<space>**PIN**<space>**PIN No** & **Send to** ১৬২২২ নম্বরে।
Example: RDARAJSHAHI Help PIN 12345678

(ঝ) প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এ মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমানিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল এবং প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

(ঞ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের ওয়েবসাইট https://rdarajshahi.gov.bd এবং (http://rdarajshahi.teletalk.com.bd) অথবা **QR Code** স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য https://rdarajshahi.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

চলমান পাতা-৫

(ট) Online এ আবেদন করতে কোন সমস্যা হলে যে কোন টেলিটক মোবাইল হইতে ১২১ এ কল করে সাহায্য গ্রহণ করা যাবে। এছাড়া alljobs.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়াও টেলিটকের জবপোর্টাল এর ফেইসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমেও যোগাযোগ করা যাবে। (Mail এর Subject-এ Organization Name: RDARAJSHAHI Post Name ****, Applicants User ID, Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

*** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পরামর্শ দেওয়া যাচ্ছে।

(মোঃ মশিউর রহমান)
প্রধান নির্বাহী কর্মকর্তা
রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ
ফোন নং- ০২৫৮৮-৮৭৭৯২৩৭
ই-মেইল: rdarajshahi@gmail.com

রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ এর ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ এর টেলিটক পোর্টালের QR Code

স্মারক নং- ২৫.৪০.০০০০.০০০.০০১.১১.০১৭২.২৪.৬৬৫

তারিখ: ০৩ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ / ১৮ সেপ্টেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
০৩। ডিআইজি, রাজশাহী রেঞ্জ, রাজশাহী।
০৪। পুলিশ কমিশনার, আরএমপি, রাজশাহী।
০৫। ............................................................................ (বিভাগীয় পর্যায়ের সকল কর্মকর্তা), রাজশাহী।
০৬। যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা-১৭, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রাজশাহী।
০৮। জেলা প্রশাসক, রাজশাহী।
০৯। পুলিশ সুপার, রাজশাহী।
১০। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী।
১১। ............................................................................ (জেলা পর্যায়ের সকল কর্মকর্তা), রাজশাহী।

(০১–১১): তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রচারের অনুরোধসহ।

১২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত সার্কেল, রাজশাহী ও সদস্য, নিয়োগ কমিটি, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ।
১৩। উপসচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ও সদস্য, নিয়োগ কমিটি, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ।
১৪। অতিরিক্ত জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী ও সদস্য, নিয়োগ কমিটি, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ।
১৫। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স (১১ তলা), হোল্ডিং #৩/এ, ৫/এ/ ৭/এ রোড #১৭, গুলশান-১, ঢাকা-১২১২।
১৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ অথরাইজড অফিসার/ নগর পরিকল্পক/ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা/ এস্টেট অফিসার/ আইন কর্মকর্তা রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ।
১৭। প্রশাসনিক কর্মকর্তা, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ। | অত্র কার্যালয়ের ওয়েবসাইট ও নোটিশ বোর্ডে প্রচারের অনুরোধসহ।
১৮। অফিস কপি।
১৯। নোটিশ বোর্ড, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ।

প্রধান নির্বাহী কর্মকর্তা
রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ